

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)  
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬. ০৪৬. ০২৭. ০০. ০০. ৪৩২. ২০১৭-৫৫৪

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ  
০৭ মে ২০১৭ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মহব্বত জান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা এর বিরুদ্ধে বোরহানউদ্দিন উপজেলা পরিষদের জমি ভূয়া কাগজপত্র তৈরী করে অবৈধভাবে নিবন্ধন করার অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮[উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩ অনুসারে অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে;

যেহেতু, জনাব মহব্বত জান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা এর বিরুদ্ধে আনীত অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮[উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩ অনুসারে অপসারণের কার্যক্রম আরম্ভ করায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮[উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মহব্বত জান চৌধুরীকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

J. Amin  
০৭/০৫/২০১৭  
(ড. জুলিয়া মঈন)  
উপসচিব  
ফোন: ৯৫৬২২৪৭

নং-৪৬. ০৪৬. ০২৭. ০০. ০০. ৪৩২. ২০১৭-৫৫৪

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ  
০৭ মে ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৩। সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
- ৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক, ভোলা।
- ৮। উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
- ৯। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০(ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।
- ১০। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন, ভোলা।
- ১২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
- ১৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ভোলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, বোরহানউদ্দিন, ভোলা।
- ১৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৬। জনাব মহব্বত জান চৌধুরী, চেয়ারম্যান (সাময়িকভাবে বরখাস্তকৃত), উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

J. Amin  
(ড. জুলিয়া মঈন) ০৭/০৫/২০১৭  
উপসচিব